

# জবি সংস্কারের লক্ষ্যে বিভাগ প্রতিনিধিদের ৫ কমিটি

জবি প্রতিনিধি

০৩ সেপ্টেম্বর,  
২০২৪ ০২:০৩

শেয়ার

অ +

অ -



জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) সংস্কারের লক্ষ্যে বিভাগ প্রতিনিধিদের নিয়ে ৫টি কমিটি গঠন করা হয়েছে।

সোমবার (২ সেপ্টেম্বর) দুপুর ১২টায় উপাচার্যের সভাকক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হুমায়ুন কবীর চৌধুরীর সঙ্গে শিক্ষার্থীদের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে বিকাল ৩টায় আয়োজিত সংবাদ সম্মেলনে এ কমিটি

গঠনের ঘোষণা দেন ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষার্থী নূর নবী।

নবগঠিত ৫টি কমিটির মধ্যে প্রথম কমিটি কাজ করবে বেগম ফজিলাতুন্নেছা মুজিব ছাত্রী হল ও বেদখল হওয়া পুরাতন ১১টি হল ও ধূপখোলা মাঠ ও স্থাপনা নিয়ে।

দ্বিতীয় কমিটি কেন্দ্রীয় লাইব্রেরি ও উন্মুক্ত লাইব্রেরি নিয়ে কাজ করবে। তৃতীয় কমিটি ক্যাফেটেরিয়া ও টিএসসিতে খাবারের মান নিয়ে কাজ করবে। তাছাড়া দ্বিতীয় গেটের পাশে ফুড কোর্ট নির্মাণ নিয়ে কাজ করবে।

চতুর্থ কমিটি জবির মেডিকেল সেন্টার, রেস্টরুম ও কমন রুম নিয়ে কাজ করবে।

পঞ্চম কমিটি দ্বিতীয় ক্যাম্পাস নিয়ে কাজ করবে।

এ সময় নূর নবী বলেন, আমাদের কিছু শিক্ষার্থীর বিভিন্ন মার্কেটে গিয়ে চাঁদাবাজির বিষয়ে জাতীয় পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে। আমরা এ বিষয়ে এখনো কোনো তথ্য প্রমাণ পাইনি। তবে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংস্কার আন্দোলনের সকল কার্যক্রম থেকে তাদের বিরত রাখা হবে।

বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে খাবারের মূল্য তালিকা নিয়ে তাদের কোনো সংশ্লিষ্টতা নেই দাবি করে নূর নবী বলেন, দোকানদারদের মূল্য বেঁধে দেওয়ার বিষয়ে আমাদের কোনো বিভাগীয় প্রতিনিধি অবগত নয় এবং কারো সংশ্লিষ্টতাও নেই। এখন থেকে সংশ্লিষ্ট বিষয়ে একমাত্র কর্তৃপক্ষ হিসেবে নবগঠিত কমিটি কাজ করবে।